

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা - ২০১৮ এর মডেল প্রশ্ন

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

[দ্রষ্টব্য : দক্ষিণ পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : $২ \times ১৫ = ৩০$

- (ক) আল্লাহ কীভাবে বিশুদ্ধ পানির ব্যবস্থা করেন?
- (খ) ভুল হলে আল্লাহর কাছে ক্ষমা চাইবে কেন?
- (গ) আমলনামা বলতে তুমি কী বোঝ?
- (ঘ) মুসলিমরা আল্লাহর দেওয়া বিধি-বিধান পালন করেন। তাঁর এ বিধি-বিধান কোথায় আছে?
- (ঙ) বলতে পার, নবি-রাসূলগণের জীবনের লক্ষ্য কী ছিল?
- (চ) মুম্বিন কাকে বলে?
- (ছ) সালাতে বেশি সওয়াব পেতে তুমি কোন কাজটি করবে?
- (জ) আল্লাহর কাছে কুরবানির কী পৌছায়?
- (ঝ) রাসূলুল্লাহ (স) সাওমকে কীসের সাথে তুলনা করেছেন?
- (ঞ) সালাত আদায় করতে হবে কোন নিয়ম অনুসারে?
- (ট) সুবহি সাদিক বলতে তুমি কী বোঝ?
- (ঠ) তাহারাৎ কাকে বলে?
- (ড) পরিবেশ সংরক্ষণ করা প্রয়োজন কেন?
- (ঢ) আমরা পিতামাতার জন্য কী বলে দোয়া করব?

(গ) শ্রমের মর্যাদা সম্পর্কে মহানবি (স.) কী বলেছেন?

২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর (যেকোনো ১২টি) :

১ × ১২ = ১২

(ক) আকিদা শব্দের বহুবচন —।

(খ) আমরা শ্বাস নেওয়ার সময়ে — গ্রহণ করি।

(গ) পানি — দান।

(ঘ) সাওমের মূল উদ্দেশ্য হলো — অর্জন করা।

(ঙ) — অর্থ জাকাত ব্যয়ের খাতসমূহ।

(চ) জীবনে — হজ করা ফরজ।

(ছ) চেফ্টা ও শ্রম — চাবিকাঠি।

(জ) সততা ও সত্যবাদিতা মানুষকে মুক্তি দেয়, আর মিথ্যা মানুষকে — করে।

(ঝ) যে ব্যক্তি মানুষের প্রতি দয়া দেখায় না, আল্লাহ তার প্রতি — দেখান না।

(ঞ) আরবি হরফ উচ্চারণের স্থানকে — বলে।

(ট) নাকের গহ্বর থেকে — উচ্চারিত হয়।

(ঠ) ۡ চিহ্ন কে ওয়াক্ফে — বলে।

(ড) হযরত নূহ (আ) আল্লাহর নির্দেশে এক বিরাট — তৈরি করলেন।

(ঢ) হযরত ইবরাহীম (আ)-এর আমলে সেখানকার বাদশাহ ছিলেন —।

৩। বাম পাশের সাথে ডান পাশের মিল কর :

২ × ৫ = ১০

বাম	ডান
(ক) তোমাদের মধ্যে 'সর্বোত্তম' সেই লোক,	(ক) দয়া দেখান না।
(খ) যে ব্যক্তি মানুষের প্রতি দয়া দেখায় না আল্লাহ তার প্রতি	(খ) যার চরিত্র সবচেয়ে সুন্দর।
(গ) আমাদের জন্মভূমির নাম	(গ) ক্ষমা রয়েছে।
(ঘ) যে ক্ষমা করল তার জন্য আল্লাহর কাছে	(ঘ) বাংলাদেশ।
(ঙ) আমরা সকলে ডাস্টবিনে	(ঙ) পুরস্কার রয়েছে।
	(চ) সৎভাবে ব্যাখ্যা করে।
	(ছ) ময়লা ফেলব।

৪। যেকোনো আটটি প্রশ্নের উত্তর দাও :

৬ × ৮ = ৪৮

- (ক) কে অতি ক্ষমাশীল? আমরা আল্লাহর কাছে ক্ষমা চাইব কেন? আল্লাহর কাছে ক্ষমা চাওয়ার চারটি উপায় লেখ।
- (খ) সারা বিশ্বের পালনকর্তা কে? তাঁর লালন-পালনের একটি বর্ণনা দাও।
- (গ) আমাদের সৃষ্টিকর্তা কে? তিনি আমাদের কেন সৃষ্টি করেছেন? তাঁর অনুগ্রহ পাওয়ার জন্য আমাদের কী করতে হবে? চারটি বাক্যে লেখ।

- (ঘ) 'সাওম হচ্ছে ঢাল স্বরূপ', কীভাবে সাওম মন্দ কাজ থেকে আমাদের বিরত রাখতে পারে? পাঁচটি বাক্যে লেখ।
- (ঙ) আবদ মানে কী? ইবাদত কাকে বলে? তুমি কেন একমাত্র মহান আল্লাহর ইবাদত করবে? চারটি বাক্যে লেখ।
- (চ) জাকাত শব্দের অর্থ কী? জাকাত কাকে বলে? জাকাতের মাধ্যমে কীভাবে সামাজিক বৈষম্য দূর করা যায়? চারটি বাক্যে লেখ।
- (ছ) সঠিকভাবে জাকাত দিলে কী সুফল পাওয়া যাবে? ছয়টি বাক্যে লেখ।
- (জ) ধর্মীয় অনুশাসন পালনে নিষ্ঠা ও আন্তরিকতার গুরুত্ব বর্ণনা কর।
- (ঝ) অন্য ধর্মের লোকের প্রতি কেমন আচরণ করবে, তুমি তার পাঁচটি উপায় লেখ।
- (ঞ) শ্রম অর্থ কী? শ্রমকে কী বলা হয়? কীভাবে মহানবি (স) শ্রমের মর্যাদা দিতেন? চারটি বাক্যে লেখ।

উত্তরমালা

২. (ক) আকাইদ, (খ) অক্সিজেন, (গ) আল্লাহর, (ঘ) আল্লাহ তায়ালার সন্তুষ্টি, (ঙ) মাসারিফ, (চ) একবার, (ছ) সাফল্যের, (জ) ধ্বংস, (ঝ) দয়া, (ঞ) মাখরাজ, (ট) গুনাহ, (ঠ) লাজিম, (ড) নৌকা, (ঢ) নমরূদ।
৩. (ক + খ), (খ + ক), (গ + ঘ), (ঘ + ঙ), (ঙ + ছ)।